দৈনিক সংবাদ

তারিখ 14 AUG 1987
পৃষ্ঠা ... ... ১ ... কলাম ৬

083

# ঢাকা বিশ্ববিদ্যালয় খোলা ও পরীক্ষা অনুষ্ঠান সম্পর্কে আলোচনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং পরীক্ষাগুলো নেয়ার ব্যাপারে গতকাল বৃহস্পতিবার কর্তৃপক্ষের এক সভায় আলোচনা হয়েছে, তবে কোন সিদ্ধান্ত হয়নি। অন্যদিকে বর্তমানে স্থগিত অনার্স পরীক্ষার পরীক্ষার্থীরা গতকাল বলেছে, অবিলম্বে পরীক্ষার তারিখ ঘোষণা করা না হলে তারা অনশন শুরু করবে।

বিশ্ববিদ্যালয় খোলার প্রশ্নে গতকাল প্রাধ্যক্ষ, ডীন এবং কর্মকর্তাদের সাথে উপাচার্য এক বৈঠক করেন। বৈঠকে বিশ্ববিদ্যালয় খোলা এবং পরীক্ষা গ্রহণ বিষয়ে আলোচনা হয়। বক্তারা সবাই অবিলম্বে ওই দুটো কাজ করার ওপর গুরুত্ব আরোপ করেন।

গতকাল অনুষ্ঠিত পরীক্ষার্থীদের এক সভায় আগামী ১৭ই আগস্টের মধ্যে ১৯৮৫ সালের অনার্স পরীক্ষা (কোর্স পদ্ধতি) শুরুর তারিখ ঘোষণার দাবী জানান হয়েছে। তা-না হলে পরদিন জাতীয় প্রেস ক্লাবের সামনে পরীক্ষার্থীরা প্রতীক অনশন শুরু করবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। সভায় প্রস্তাব গৃহীত হয়েছে; তার পরও এ ব্যাপারে সন্তোষজনক অগ্রগতি না হলে আমরণ অনশন সহ অন্যান্য কর্মসূচী নেয়া হবে। আগামীকাল শনিবার সকাল ১০ টায় লাইব্রেরীর সামনে পরীক্ষার্থীদের পরবর্তী সভা আহ্বান করা হয়েছে।